

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৬ আগস্ট'২০২১খ্রি.

ফ্রি অ্যাম্বুলেন্স সার্ভিস উদ্বোধনকালে মেয়র গণটিকা কার্যক্রম সফল করে কোভিড-১৯ প্রতিরোধ করুন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, আগামী ৭ আগস্ট শনিবার নগরীর ওয়ার্ড পর্যয়ে গন টিকা কার্যক্রম চালু হবে। এই গণ টিকা কার্যক্রমের অংশ হিসেবে প্রতিটি ওয়ার্ডে তিনটি করে টিকা কেন্দ্র থাকবে। প্রতি কেন্দ্রে তিনশত জনকে টিকা প্রদান করা হবে এবং প্রতি ওয়ার্ডে ৯শত করে ৪১টি ওয়ার্ডের ১২৩টি কেন্দ্রে ৩৬ হাজার ৯শত জন একদিনে টিকা পাবে। তিনি গতকাল বৃহস্পতিবার দক্ষিণ কাউন্সিলী ওয়ার্ডে আলহাজ্ব খালিদুর রহমান স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে ফ্রি অ্যাম্বুলেন্স সার্ভিসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। ওয়ার্ড কাউন্সিলর অধ্যাপক মো. ইসমাইলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উত্তর কাউন্সিলী ওয়ার্ড কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, আওয়ামী লীগ নেতা এরশাদুল আমীন, আসলাম হোসেন সওদার, নজরুল ইসলাম ভূঁইয়া নওয়াব আলী মিয়া প্রমুখ।

মেয়র আরো বলেন, ডেঙ্গুর প্রকোপ নিয়ন্ত্রণে আনার লক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন মাসব্যাপী বিশেষ ক্র্যাশ প্রোগ্রাম শুরু করেছে। প্রতিদিন চারটি ওয়ার্ডে একশত স্প্রেম্যান মশার ওষুধ ছিটানো কাজে নিয়োজিত আছে। তিনি নগরবাসীর উদ্যোগে বলেন, আপনার যদি সচেতন না হন তাহলে সিটি কর্পোরেশনের একার পক্ষে সফলতা অর্জন করা সম্ভব নয়। কারণ প্রত্যেক বাস বাড়ির আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন ও জমাট পানি পরিষ্কার করা সিটি কর্পোরেশনের পক্ষে অসম্ভব। তাই নিজেরা সচেতন হলেই ডেঙ্গুর উপদ্রব থেকে রেহাই পাওয়া যাবে।

খাদ্য সহায়তা বিতরণকালে মেয়র যে কোন পরিস্থিতিতে মানুষ মানুষের পাশে দাঁড়ানো একটি মানবিক ও নৈতিক দায়বদ্ধতা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, করোনাকালে নগরীর নিম্ন আয়ের প্রতিটি বিপন্ন মানুষের হাতে খাদ্য সহায়তা যে কোন আপদকালীন পরিস্থিতিতে মানুষ মানুষের পাশে দাঁড়ানো একটি মানবিক ও নৈতিক দায়বদ্ধতা। কারণ সরকার বর্তমান পরিস্থিতিতে যে সাহায্য সহায়তা ও প্রনোদনা দিচ্ছে সে ক্ষেত্রে সবার চাহিদা পূরণ করা কোন মতেই পূরণ করা সম্ভব নয়। তাই ব্যক্তির ক্ষমতা অনুযায়ী আমরা যদি এক অপরে দিকে হাত বাড়াই তাতে অবশ্যই ভুক্ত ভোগির দুর্ভোগ অনেক আংশে লাঘব হতে পারে। তিনি ব্যক্তি উদ্যোগে দুস্থদের মাঝে ত্রাণ সহায়তা প্রদানের জন্য সংরক্ষিত কাউন্সিলর তছলিমা নূরজাহান রুবিকে ধন্যবাদ জানান। গতকাল বৃহস্পতিবার উত্তর কাউন্সিলী ওয়ার্ডের একে খান মোড়ে কর্মচ্যুত আধিবাসীদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণকালে তিনি একথা বলেন। মেয়র আরো বলেন, জলাবদ্ধতা যাতে নাগরিক দুর্ভোগ না বাড়াই সে জন্য চসিক সচেতন রয়েছে। তিনি নালা-নর্দমায় প্রাস্টিক, পলিথিন, ময়লা-আবর্জনা না ফেলতে জনসাধারণের প্রতি অনুরোধ জানান।

ওয়ার্ড কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু সভাপতিত্বে ত্রাণ বিতরণ সভায় বক্তব্য রাখেন উত্তর পাহাড়তলী ওয়ার্ড কাউন্সিলর মো. জহুরুল আলম দোভাষ, কাজী আলতাফ হোসেন, লোকমান আলী, এরশাদ মামুন প্রমুখ।

চসিকের ভ্রাম্যমান আদালত স্বাস্থ্যবিধি অমান্য কারায় ০৮ ব্যক্তিকে জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ শুক্রবার নগরীর বিভিন্ন এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে নগরীর শেখ মুজিব রোড, পাঠানপটুলী, হালিশহর রোড, বেপারীপাড়া, এক্সেস রোড, বাদামতলী মোড় ও আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় করোনা ভাইরাস জনিত রোগের বিস্তার রোধে সরকারি স্বাস্থ্যবিধি অমান্য কারায় ০৮ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১ হাজার ৬ শত টাকা জরিমানা করা হয়। এই সময় পথচারীদের মাঝে মাস্ক বিতরণ ও করোনা ভাইরাস প্রতিরোধকল্পে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করা হয়। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্যবৃন্দ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩